# আগামীকাল শুরু ফ্যামিলি কার্ড বিতরণ কার্যক্রম




সংগৃহীত ছবি

আগামীকাল থেকে পরীক্ষামূলকভাবে ফ্যামিলি কার্ড বিতরণ শুরু হচ্ছে। মঙ্গলবার রাজধানীর কড়াইল এলাকায় নারীদের হাতে কার্ড তুলে দিয়ে এ কর্মসূচির উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী তারেক রহমান।

রাজধানীতে কার্যক্রম চলবে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এলাকার বনানী ও মিরপুরে। বনানীর কড়াইল বস্তি, সাততলা বস্তি ও ভাষানটেক বস্তি এবং মিরপুরের অলিমিয়ারটেক ও বাগানবাড়ী বস্তিতে কার্ড দেওয়া হবে। এছাড়া চট্টগ্রাম সিটি কর্পোরেশন ও খুলনা সিটি কর্পোরেশন এলাকাও এ কর্মসূচির আওতায় রয়েছে।

রাজধানীর বাইরে বিভিন্ন বিভাগ ও জেলায় একযোগে বিতরণ হবে। এর মধ্যে রয়েছে রাজবাড়ী জেলা পাংশা উপজেলার হাবাসপুর ইউনিয়ন, ব্রাহ্মণবাড়িয়া জেলা বাঞ্ছারামপুর উপজেলা সদর পৌরসভা, বান্দরবান জেলা লামা উপজেলার ফাঁসিয়াখালী ইউনিয়ন, ভোলা জেলা চরফ্যাশন থানার আসলামপুর ইউনিয়ন, সুনামগঞ্জ জেলা দিরাই থানার কুলঞ্জ ইউনিয়ন, কিশোরগঞ্জ জেলা ভৈরব থানার শিমুলকান্দি ইউনিয়ন, বগুড়া জেলা সদর থানার শাখারিয়া ইউনিয়ন, নাটোর জেলা লালপুর থানার ঈশ্বরদী ইউনিয়ন, ঠাকুরগাঁও জেলা সদর থানার রহমানপুর ইউনিয়ন এবং দিনাজপুর জেলা নবাবগঞ্জ থানার জয়পুর ইউনিয়ন। পর্যায়ক্রমে আরও এলাকায় এই কর্মসূচি সম্প্রসারণ করা হবে।